সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এসএফডি সার্কুলার নং- ০২

তারিখঃ জানুয়ারি ১৭, ২০২১ / মাঘ ০৩, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

রপ্তানিমুখী শিল্পখাতের প্রযুক্তিগত উন্নয়নের জন্য পুনঃঅর্থায়ন তহবিল সংক্রান্ত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১, ২০২৪ সালের মধ্যে স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণ, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) অর্জন এবং রূপকল্প ২০৪১ মোতাবেক দেশকে উন্নত দেশে উন্নীত করতে হলে মাথাপিছু রপ্তানি আয় এবং জিডিপি-তে মোট রপ্তানি আয়ের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে হবে। সেক্ষেত্রে রপ্তানিমুখী শিল্পখাতের আধুনিকায়ন ও প্রযুক্তিগত উন্নয়নের বিকল্প নেই। এ জন্য আন্তর্জাতিক বাজারে রপ্তানিমুখী শিল্পখাতের প্রতিযোগিতামূলক সক্ষমতা ও টেকসইতা (Sustainability) অধিকতর বৃদ্ধিকল্পে পরিবেশবান্ধব উৎপাদন প্রক্রিয়া, জ্বালানি সাশ্রয় ও দক্ষতা, কর্মপরিবেশ উন্নয়ন এবং উৎপাদন যন্ত্রপাতি/মেশিনারিজ ও প্রযুক্তির আধুনিকায়ন প্রয়োজন।

এ প্রেক্ষাপটে, 'রপ্তানি নীতি ২০১৮-২১' এর আলোকে 'রপ্তানিমুখী শিল্পখাতের আধুনিকায়ন ও প্রযুক্তিগত উন্নয়ন সাধনকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক Technology Development /Up-gradation Fund নামে ১০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। উক্ত পুনঃঅর্থায়ন তহবিল সংক্রান্ত বিস্তারিত নীতিমালা নিম্নরূপঃ

১. শিরোনামঃ রপ্তানিমুখী শিল্পখাতের প্রযুক্তিগত উন্নয়নের জন্য পুনঃঅর্থায়ন তহবিল।

২. তহবিল গঠনের সার্বিক উদ্দেশ্যঃ রপ্তানিমুখী শিল্পখাতের আধুনিকায়ন ও প্রযুক্তিগত উন্নয়ন সাধন।

৩. সুবিধাভোগীঃ রপ্তানি নীতি ২০১৮-২০২১ এর আওতাধীন সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত খাত ও বিশেষ উন্নয়নমূলক খাত।

৪. তহবিলের আকারঃ ১০০০ (এক হাজার) কোটি টাকা (আবর্তনশীল)।

৫. তহবিলের উৎসঃ বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস ।

৬. পুনঃঅর্থায়ন যোগ্য কার্যক্রম/উদ্যোগের Development /Up-gradationঃ

৬.১। সংশ্লিষ্ট শিল্পের মূখ্য উৎপাদন মেশিনারিজ/প্রযুক্তি;

৬.২। জ্বালানি দক্ষ বা নবায়নযোগ্য জ্বালানি সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.৩। বিজনেস প্রসেস রিইঞ্জিনিয়ারিং/বিজনেস প্রসেস অটোমেশন সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.৪। অপারেশন্স ম্যানেজমেন্ট সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.৫। বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.৬। বায়ু ব্যবস্থাপনা সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.৭। তাপ ব্যবস্থাপনা সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.৮। কর্মপরিবেশ (অগ্নি ব্যবস্থাপনা, স্বাস্থ্য সেবা) ব্যবস্থাপনা সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.৯। পানি ব্যবহার ব্যবস্থাপনা সংক্রান্ত মেশিনারিজ/প্রযুক্তি;

৬.১০। মানব সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত আধুনিক প্রযুক্তি এবং

৬.১১। হিসাবায়ন, ইনভেন্টরি ব্যবস্থাপনা, বিপনন, বিক্রয় ও নিরাপত্তা ব্যবস্থাপনা প্রক্রিয়ার অটোমেশন সংক্রান্ত আধুনিক মেশিনারিজ/প্রযুক্তি।

উক্ত ১১ (এগার) টি কার্যক্রম/উদ্যোগের আওতায় রপ্তানি নীতি ২০১৮-২১ এ উল্লিখিত সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত খাত ও বিশেষ উন্নয়নমূলক ৩২ (বত্রিশ) টি খাতের শিল্প অন্তর্ভুক্ত হবে।

৭. অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (Participating Financial Institution-PFI)ঃ এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আগ্রহী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের (মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement-PA) সম্পাদন করতে হবে (**Annexure-1**)। এ অংশগ্রহণ চুক্তিতে আবদ্ধ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ Participating Financial Institution বা PFI হিসেবে গণ্য হবে। এ তহবিলের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে সার্কুলার/সার্কুলার লেটার এর মাধ্যমে জারিকৃত নির্দেশনাসমূহ PFI-কে পরিপালন করতে হবে।

৮. সুদ/মুনাফা-হার কাঠামোঃ

৮.১) বাংলাদেশ ব্যাংক কর্তৃক PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হারঃ ব্যাংক হার (সময়ে সময়ে পরিবর্তনশীল) এর চেয়ে ১% কম।

৮.২) PFI কর্তৃক গ্রাহক হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হারঃ PFI পর্যায়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ধার্যকৃত সুদ/মুনাফার হার + (২%-৩%)

৮.৩) ঋণ/বিনিয়োগের মেয়াদ ভিত্তিতে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার নিম্নরূপভাবে নির্ধারিত হবেঃ

ঋণ/বিনিয়োগের মেয়াদকাল	ভিত্তি হার	PFI'র মার্জিন	গ্রাহক পর্যায়ে আদায়যোগ্য সুদ/মুনাফার হার
৫ বছরের কম	ব্যাংক হার (সময়ে সময়ে পরিবর্তনশীল) এর চেয়ে ১% কম	অনধিক ২%	ভিত্তি হার + PFI'র মার্জিন
৫ বছর বা ততোধিক কিন্তু ৮ বছরের কম	-ঐ-	অনধিক ২.৫%	-ঐ-
৮ বছর বা ততোধিক কিন্তু সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত	-ঐ-	অনধিক ৩%	-ঐ-

৯. সুদ/মুনাফা হিসাবায়ন ও ঋণ/বিনিয়োগ-মূলধন (Debt-Equity) অনুপাতঃ

৯.১) সুদ/মুনাফা হিসাবায়নঃ ক্রমহ্রাসমান পদ্ধতি (Reducing Balance Method)।

৯.২) ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাতঃ এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়নের নিমিত্ত আবেদনের পূর্বে গ্রাহকের equity contribution-এর বিষয়টি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে PFI সমূহ তাদের বিনিয়োগ/ঋণদান নীতিমালার (Investment/Credit Norms) আলোকে PFI-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত নির্ধারণ করবে। তবে ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত ন্যূনতম ৭০ ঃ ৩০ হতে হবে।

১০. পুনঃঅর্থায়ন সুবিধার মেয়াদকালঃ ৩-১০ বছর।

১১. পুনঃঅর্থায়ন সুবিধার ধরণঃ স্থানীয় মুদ্রায় মেয়াদী ঋণ/বিনিয়োগ (Term loan/investment)।

১২. গ্রেস পিরিয়ডঃ PFI ও গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে, তবে তা সর্বোচ্চ ১ বছর হবে।

১৩. গ্রাহক পর্যায়ে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির যোগ্যতাঃ

১৩.১) এ তহবিলের আওতায় শিল্পের আধুনিকায়ন ও প্রযুক্তিগত উন্নয়নকল্পে মেশিনারিজ ও যন্ত্রাংশ/প্রযুক্তি সংগ্রহের লক্ষ্যে স্থানীয় মুদ্রায় গ্রাহকের অনুকূলে প্রদত্ত মেয়াদী ঋণ/বিনিয়োগের (Term loan/ investment) বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। **মেশিনারিজ/প্রকল্পের পরামর্শক খরচ, মেরামত সংক্রান্ত ব্যয়, রক্ষণাবেক্ষণ খরচ এবং চলতি মূলধন বাবদ কোনরূপ ব্যয় এ পুনঃঅর্থায়ন সুবিধার আওতাভুক্ত হবে না;**

১৩.২) মেশিনারি/প্রকল্পের উৎপাদন ক্ষমতা, প্রকৃত ব্যয় ইত্যাদির আলোকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রদেয় ঋণ/বিনিয়োগ কোনক্রমেই সংশ্লিষ্ট মেশিনারিজ/প্রকল্পের জন্য বাংলাদেশ ব্যাংক নির্ধারিত পুনঃঅর্থায়ন সীমা অতিক্রম করবে না;

১৩.৩) খেলাপী গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন বিবেচ্য হবে না। PFI কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ সিআইবি রিপোর্ট সংগ্রহ এবং ঋণগ্রহীতা ঋণ খেলাপী নয় মর্মে নিশ্চিত হতে হবে;

১৩.৪) PFI কর্তৃক যৌক্তিক কারণে ঋণ/বিনিয়োগ অধিগ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা মওকুফকৃত হলে/গ্রাহকের ঋণ/বিনিয়োগ অবলোপনের ইতিহাস থাকলে তা পুনঃঅর্থায়নের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

১৩.৫) PFI-এর অর্থায়নে মেশিনারিজ/প্রকল্প যৌক্তিক কারণে চালুকরণের বিলম্বের ক্ষেত্রে সংশ্লিষ্ট মেশিনারিজ/প্রকল্প চালু হওয়ার অনধিক ০৬ (ছয়) মাসের মধ্যে PFI কর্তৃক তাদের অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির আবেদন করতে পারবে;

১৩.৬) বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের বা উন্নয়ন সহযোগীদের বা অন্য কোনো উৎস হতে পুনঃঅর্থায়ন সুবিধা গৃহীত হয়ে থাকলে এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন বিবেচ্য হবে না এবং

১৩.৭) Export Bill অপ্রত্যাবাসিত থাকলে (Guidelines for Foreign Exchange Transactions-GFET এ বর্ণিত নির্ধারিত সময় পর্যন্ত) এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন বিবেচ্য হবে না।

১৪. PFI পর্যায়ে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির যোগ্যতাঃ

১৪.১) শ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ (Classified Loan) এর হার ১০% এর অধিক হবে না;

১৪.২) পুনঃঅর্থায়ন সুবিধার জন্য আবেদনকালে মূলধন পর্যাপ্ততা (Capital Adequecy), সংস্থান সংরক্ষণ (Provision Maintenance), নগদ সংরক্ষণ হার (CRR) ও বিধিবদ্ধ তরল সম্পদ সংরক্ষণ হার (SLR) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে সংরক্ষণ করতে হবে;

১৪.৩) CAMELS Rating ন্যূনতম ৩ হতে হবে;

১৪.৪) একক গ্রাহক বা গোষ্ঠীর ক্ষেত্রে ঋণ/বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নীতিমালা (বিআরপিডি সার্কুলার নং-০২/২০১৪ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪/২০১৬) অনুসরণ করা এবং

১৪.৫) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল নীতিমালার পরিপালন নিশ্চিত করতে হবে।

১৫. শিডিউল অব চার্জেসঃ

ঋণ/বিনিয়োগের শিডিউল অব চার্জেস (অনুচ্ছেদ ৮-এ বর্ণিত সুদ/মুনাফা হার ব্যতীত) এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ব্যাংকের জন্য) এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ (আর্থিক প্রতিষ্ঠানের জন্য) কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এ সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হবে। কোন ধরণের লুক্কায়িত খরচ (Hidden Expenses) বা অন্য কোন ধরনের চার্জ/ফি/সুদ/মুনাফা আরোপ করা যাবে না। তবে, প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত/ধার্যকৃত শুল্ক/কর আদায়যোগ্য হবে।

১৬. পুনঃঅর্থায়নের আবেদন প্রক্রিয়াঃ

১৬.১) PFI কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরিত আবেদনপত্র এবং ১৮.২ নং অনুচ্ছেদে বর্ণিত দলিলাদি সহকারে **মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা** বরাবর দাখিল করতে হবে।

১৬.২) পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় PFI কর্তৃক মঞ্জুরীকৃত ঋণ বিতরণের (Disbursed) পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে।

১৬.৩) এ তহবিলের আওতায় বিতরণকৃত PFI সমূহের অর্থায়নের সমপরিমাণ অথবা বিশেষজ্ঞ/বিশেষজ্ঞ প্রতিষ্ঠান কর্তৃক প্রাক্কলিত মূল্য/প্রকল্প খরচের সমপরিমাণ পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচ্য হবে। তবে দাখিলকৃত আবেদন ও তদসংশ্লিষ্ট

দলিলাদি, সরেজমিন পরিদর্শন পরিবেদন ইত্যাদি পর্যালোচনা সাপেক্ষে পুনঃঅর্থায়ন সুবিধার সীমা নির্ধারণে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

১৭. পুনঃঅর্থায়ন আদায় প্রক্রিয়াঃ

১৭.১) PFI কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা ত্রৈমাসিক কিস্তিতে নির্দিষ্ট পরিশোধ সূচী অনুযায়ী আদায়যোগ্য হবে।

১৭.২) PFI এর অনুকূলে প্রদত্ত পুনঃঅর্থায়ন সুবিধার পরিশোধ সূচী বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত হবে। গ্রাহকের অনুকূলে ব্যাংকের অর্থায়নের বিপরীতে পরিশোধ সূচী সংশ্লিষ্ট PFI কর্তৃক প্রণয়ন করতে হবে এবং বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।

১৭.৩) পরিশোধ সূচী অনুযায়ী নির্ধারিত তারিখে পরিশোধযোগ্য কিস্তি সুদ/মুনাফাসহ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট PFI এর চলতি হিসাব থেকে কর্তন করে নেয়া হবে।

১৭.৪) নির্ধারিত সময়ের পূর্বে কোন গ্রাহক ঋণ/বিনিয়োগ সমন্বয় করলে যে সময়ের জন্য গ্রাহক উক্ত ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করেছে, পুনঃঅর্থায়ন সুবিধাও সর্বোচ্চ উক্ত সময়ের জন্য প্রযোজ্য হবে। এক্ষেত্রে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পুনঃঅর্থায়ন সুবিধাবাবদ গৃহীত অর্থ মেয়াদ উত্তীর্ণের পূর্বে সমন্বয় করতে পারবে। তবে PFI সমূহ ঋণ/বিনিয়োগ সমন্বয় হওয়া মাত্রই গ্রাহকের Loan/Investment Account Statement সহ ঋণ/বিনিয়োগ সমন্বয়ের বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। মেয়াদ পূর্তির পূর্বে ঋণ সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

১৭.৫) সিন্ডিকেটেড ফাইন্যান্সিং-এর ক্ষেত্রে শুধুমাত্র লিড PFI বাংলাদেশ ব্যাংক বরাবরে পুনঃঅর্থায়নের জন্য আবেদন করবে এবং উক্ত পুনঃঅর্থায়নকৃত অর্থের ত্রৈমাসিক কিস্তি লিড PFI এর নিকট হতে আদায় করা হবে। সিন্ডিকেশনে অন্তর্ভুক্ত অন্যান্য PFI সমূহকে আনুপাতিক হারে পুনঃঅর্থায়ন সুবিধা বন্টনসহ পুনঃঅর্থায়নকৃত অর্থের কিস্তি আদায় ও অন্যান্য দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে লিড PFI এর উপর ন্যস্ত থাকবে। লিড PFI সহ সিন্ডিকেশনে অন্তর্ভুক্ত সকল PFI সমূহকে ৭ নং অনুচ্ছেদ মোতাবেক অংশগ্রহণ চুক্তি (PA) সম্পাদন করতে হবে।

১৭.৬) পরিশোধ সূচী অনুযায়ী নির্ধারিত তারিখে PFI সমূহকে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত তাদের চলতি হিসাবে পর্যাপ্ত তহবিল/স্থিতি সংরক্ষণ করেতে হবে। পুনঃঅর্থায়ন সুবিধার কিস্তি আদায়কালে PFI সমূহের চলতি হিসাবে তহবিল/স্থিতি অপর্যাপ্ততার কারণে বকেয়া/কিস্তি আদায় করা সম্ভব না হলে, আদায়যোগ্য অর্থ পুনঃঅর্থায়নকালে আরোপিত সুদ/মুনাফার হার অপেক্ষা ৫% অধিক হারে অতিরিক্ত সময়ের জন্য সুদ/মুনাফাসহ তহবিল/স্থিতি পর্যাপ্ততা সাপেক্ষে আদায় করা হবে।

১৮. দালিলিক চেকলিস্টঃ

১৮.১) পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে PFI কর্তৃক Demand Promissory Note (**Annexure-2**), Letter of Continuity (**Annexure-3**), Letter of Debit Authority (**Annexure-4**) দাখিল করতে হবে।

১৮.২) বাংলাদেশ ব্যাংক বরাবরে পুনঃঅর্থায়নের জন্য আবেদনকালে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ

ক) গ্রাহকের হালনাগাদ সিআইবি রিপোর্ট;

খ) পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ গ্রহণ বিষয়ে গ্রাহকের পত্র;

গ) ঋণ/বিনিয়োগ বিষয়ে গ্রাহকের আবেদনপত্র;

ঘ) মঞ্জুরীপত্রের কপি;

ঙ) মেয়াদী ঋণ/বিনিয়োগের চুক্তি;

চ) মেয়াদী ঋণ/বিনিয়োগের পরিশোধ সূচী;

ছ) ঋণ/বিনিয়োগ হিসাবের হালনাগাদ বিবরণী;

জ) সংশ্লিষ্ট ব্যয় সংক্রান্ত বিবরণী ও অন্যান্য দলিলাদি;

ঝ) গ্রাহক ও সংশ্লিষ্ট প্রকল্পের প্রোফাইল;

ঞ) সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত/অনুমোদিত বিশেষজ্ঞ প্রতিষ্ঠান অথবা বাংলাদেশের স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট খাত বিশেষজ্ঞ কর্তৃক শিল্পের আধুনিকায়ন ও প্রযুক্তিগত উন্নয়নকল্পে প্রাক্কলিত মূল্যায়ন/প্রকল্প খরচসহ টেকনিক্যাল রিপোর্ট এবং

ট) বাংলাদেশ ব্যাংকে দাবীকৃত পুনঃঅর্থায়নের বিপরীতে গ্রাহক অন্য কোন উৎস/ প্রতিষ্ঠান হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র।

১৯. রপ্তানিমুখী শিল্পখাত সংশ্লিষ্ট প্রযুক্তি/মেশিনারিজঃ রপ্তানিমুখী শিল্পখাতের প্রযুক্তিগত উন্নয়নের উদ্দেশ্যে Technology Development /Up-gradation Fund হতে পুন:অর্থায়ন সুবিধার জন্য 'রপ্তানি নীতি ২০১৮-২১' এ উল্লিখিত সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত খাত ও বিশেষ উন্নয়নমূলক খাতের শিল্প সংশ্লিষ্ট প্রযুক্তি/মেশিনারিজ সমূহ বিবেচিত হবে। গ্রাহক পর্যায়ে চাহিদা সাপেক্ষে PFI সমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংক বরাবর দাখিলকৃত আবেদন যথাযথ পর্যালোচনা সাপেক্ষে রপ্তানিমুখী শিল্পখাত সংশ্লিষ্ট নতুন প্রযুক্তি/মেশিনারিজ এ তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

২০. রিপোর্টিং ও মনিটরিংঃ

২০.১) PFI সমূহ পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থের হালনাগাদ বিবরণী (ত্রৈমাসিক ভিত্তিতে এবং ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী অথবা তার মনোনীত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিং লেটারসহ) সংযোজিত ছক (**Annexure-5**) অনুযায়ী ত্রৈমাস অন্তে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে '**মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা**' বরাবরে দাখিল করতে হবে। যে সকল PFI পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করেনি তারা শূণ্য বিবরণী দাখিল করবে। সিন্ডিকেশন ফাইন্যান্সিং এর ক্ষেত্রে লিড PFI সহ সকল সদস্য PFI তাদের স্ব স্ব পুনঃঅর্থায়নের অংশ পৃথক পৃথক ভাবে সংযোজিত ছক অনুযায়ী ত্রৈমাসিক বিবরণী দাখিল করবে।

২০.২) পুনঃঅর্থায়ন সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের যাচিত বিবরণী/তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। অন্যথায় বিদ্যমান আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, পুনঃঅর্থায়ন সম্পর্কিত তথ্যাদি প্রধান কার্যালয় ও শাখা পর্যায়ে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

২০.৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা মঞ্জুরীর পূর্বে সংশ্লিষ্ট প্রকল্প ও দলিলাদি সরেজমিনে যাচাই করা হবে। পুনঃঅর্থায়নের ৩ (তিন) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংক হতে পরিদর্শন দল কর্তৃক সংশ্লিষ্ট PFI এবং পুনঃঅর্থায়ন সুবিধাভোগী প্রতিষ্ঠানের প্রকল্প কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতি সরেজমিনে যাচাই করা হবে। প্রথম পরিদর্শন হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পরপর (বাংলাদেশ ব্যাংক এর সিদ্ধান্তক্রমে যে কোন সময়সহ) পুনঃঅর্থায়ন এর মেয়াদ পর্যন্ত উক্ত পরিদর্শন কার্যক্রম পরিচালিত হবে এবং সংশ্লিষ্ট প্রকল্প কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতির মূল্যায়ন করা হবে। পুনঃঅর্থায়ন সুবিধা অনুমোদনপরবর্তী মেয়াদের মধ্যে সংশ্লিষ্ট PFI ও পুনঃঅর্থায়ন সুবিধাভোগী প্রতিষ্ঠানের প্রকল্প কার্যক্রমের বাস্তবায়নে কোনরূপ ব্যত্যয় প্রমাণিত হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল করা হবে।

২০.৪) PFI কোনো ভুল তথ্য প্রদানপূর্বক পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করলে কিংবা ঋণ/বিনিয়োগের অর্থ সদ্ব্যবহার হয় নি মর্মে বাংলাদেশ ব্যাংকের সরেজমিনে পরিদর্শনে উদ্ঘাটিত হলে কিংবা স্কিমের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহক বিরূপমানে শ্রেণিকৃত হওয়ার পরও তা বাংলাদেশ ব্যাংকে অবহিত না করলে অংশগ্রহণ চুক্তিপত্রের শর্তানুসারে পুনঃঅর্থায়ন বাবদ প্রদত্ত অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ধার্যকৃত সুদ/মুনাফা হারসহ অতিরিক্ত ৫% হারে সুদ/মুনাফাসহ এককালীন চলতি হিসাব হতে কর্তন করা হবে।

২১. অন্যান্য শর্তাদিঃ ঋণ/বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, ঋণ/বিনিয়োগ সুবিধা মঞ্জুর ও বিতরণ, ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট দলিলাদি সম্পাদন, debt-equity অনুপাত, ঋণ/বিনিয়োগের অর্থের সদ্ব্যবহার ও ঋণ/বিনিয়োগ বিতরণ-পরবর্তী তদারকির ব্যাপারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের ঝুঁকি ব্যবস্থাপনার নীতিমালার পাশাপাশি এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসহ বিদ্যমান অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধানসমূহের আলোকে নিয়মাচার অনুসরণ করতঃ গ্রাহকের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করবে। বিতরণকৃত ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ/বিনিয়োগ বিতরণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপর ন্যস্ত থাকবে। গ্রাহক

পর্যায়ে ঋণ/বিনিয়োগ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের নিকট সংশ্লিষ্ট পুনঃঅর্থায়নকৃত অর্থের কিস্তি পরিশোধের কোন সম্পর্ক থাকবে না।

২২. পুনঃঅর্থায়ন তহবিলের শর্তাদি বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার **সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক** সংরক্ষণ করে।

২৩. ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৮ সালে সংশোধিত) এর ৪৫ ধারা ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (২০০৩ সালে সংশোধিত) এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(খন্দকার মোরশেদ মিল্লাত)
মহাব্যবস্থাপক
ফোন নং: ৯৫৩০৩২০
Email: gm.sfd@bb.org.bd
morshed.millat@bb.org.bd

PARTICIPATION AGREEMENT

Between

BANGLADESH BANK
(Central Bank of Bangladesh)

And

[*Name of the Bank/Financial Institution in Bangladesh*]

As participant in the

REFINANCE FUND
for
TECHNOLOGY DEVELOPMENT /UPGRADATION of EXPORT ORIENTED INDUSTRIES

PARTICIPATION AGREEMENT

PARTIES

This Participation Agreement (hereinafter also referred to as "Participation Agreement" or 'Agreement') is signed on the ……… day of …………, 20……

Between

Bangladesh Bank (hereinafter also called as 'BB'), established by the Bangladesh Bank Order, 1972 (President's Order No.127 of 1972) having its Head Office at Motijheel C/A, Dhaka, Bangladesh represented by the **Sustainable Finance Department (hereinafter also called as 'SFD')**.

And

[*Name of the Bank/Financial Institution*] (hereinafter also called as "Participating Financial Institution" or 'PFI'), duly established under the Companies Act 1994 and carrying on its business under the Bank Company Act 1991 (Amended up-to 2013)/ Financial Institutions Act 1993 (Amended up-to 2003), having license from Bangladesh Bank under BB License No…………………… dated ……………………., as participant in the Refinance Fund for Technology Development/Up-gradation of Export Oriented Industries**.**

PREAMBLE

Whereas, (A) BB introduced a refinancing Fund (revolving fund) of Tk.1000.00 (One Thousand) Crore to offer refinance facility for the modernisation and technological development/up-gradation of export oriented industries in Bangladesh.

(B) Ways of offering refinance facilities to the PFIs against their financing in **technological development/up-gradation of export oriented industries** identified/proclaimed by the Bangladesh Bank will be determined based on the terms and conditions set forth in the SFD Circular No-02 dated January 17, 2021 and also as per the circulars/circular letters to be issued time to time by the Bangladesh Bank.

(C) It is required for the PFI which is interested in availing refinance facilities under Refinance Fund for Technology Development /Up-gradation of Export Oriented Industries to enter into a participation agreement with the BB.

(D) PFIs those are interested to avail refinance facilities from the above-mentioned refinance fund may avail the refinance facility upon the fulfilment of the terms and conditions set forth in SFD Circular No-02 dated January 17, 2021 and also as per the circulars/circular letters to be issued time to time by the BB and also has to agree to comply with the terms and conditions of this participation agreement.

Now, therefore, the parties hereby agree as follows:

Article-I

Section-1: Definitions and Related Terms.

Unless the context otherwise requires, the terms defined in this section, for the purposes of this agreement and of any agreement supplemental thereto, have the respective meaning herein specified, as follows:

a) 'BB' means Bangladesh Bank. This is the central bank of the Peoples Republic of Bangladesh established by the Bangladesh Bank Order, 1972 (President's Order No.127 of 1972) for the purpose of carrying out the functions of central banking in Bangladesh, as represented by its Governor.
b) 'SFD' means Sustainable Finance Department of Bangladesh Bank.
c) 'PFI' means Participating Financial Institution (Scheduled Bank/Financial Institution) that wishes to participate in Refinance Fund for Technology Development /Up-gradation of Export Oriented Industries.
d) 'PFI' means Participating Financial Institution (Scheduled Bank/Financial Institution) that wishes to participate in the Refinance Fund for Technology Development /Up-gradation of Export Oriented Industries.
e) 'Bank' means any scheduled bank operating its business in Bangladesh having banking license from the Bangladesh Bank.
f) 'Financial Institution' means any financial institution operating its business in Bangladesh having license from the Bangladesh Bank.
g) 'Financing' means the lending of PFI to the beneficiary/ultimate borrower under the refinancing fund.
h) 'Refinancing' means the funding of the Bangladesh Bank that will be provided to the PFI against their financing under the Refinance Fund for Technology Development /Up-gradation of Export Oriented Industries.
i) 'Beneficiary' means any borrower who is an export oriented industry/institution that may get loan for the modernisation and technological development/up-gradation under the refinance fund.
j) 'Taka' (hereinafter also called as 'Tk') means the currency of the People's Republic of Bangladesh.
k) 'Fund' means Refinance Fund for Technology Development/Up-gradation of Export Oriented Industries.

Article-II

Section-1: (A) Eligibility Criteria for PFIs

(a) PFI shall have an acceptable level of nonperforming loans/investments of not more than 10%.
(b) PFI shall have to maintain Capital Adequacy, Maintenance of Provision, Cash Reserve Requirement (CRR) and Statutory Liquidity Requirement (SLR).
(c) Minimum score of CAMELS rating shall be 3.
(d) PFI shall have to follow the circular/circular letters regarding single borrower exposure limit (BRPD Circular No-02/2014 and BRPD Circular Letter No-04/2014).
(e) PFI shall have to ensure all the instructions regarding risks management issued time to time by Bangladesh Bank.
(f) According to this agreement, the PFI shall submit Demand Promissory Note (DP Note), Letter of Continuity, Letter of Debit Authority favoring Bangladesh Bank.

(B) Eligibility Criteria for Borrowers

a) Under this fund , refinance facility will be extended against disbursement of term loan/investment (in local currency) favoring its client to procure machineries/technologies for the modernization and technological development/up-gradation of export oriented industries as per SFD Circular No-02

dated January 17, 2021. Consultancy costs, repair/maintenance expenses and any expenses related to working capital shall not be included under this refinance fund.

b) Refinanced amount will be determined upon the production capacity and actual costs/expenses of the related machineries/project. But this amount would not exceed the maximum loan/investment limit set by Bangladesh Bank.

c) PFI is not permitted to extend loan/investment facility in favor of defaulted customers according to the provisions of the Bank Company Act/ Financial Institution Act as well as existing provisions of the circulars/ circular letters issued by Bangladesh Bank. Such application for refinance facility against the loans/investments of defaulted customers will not be considered. PFI shall collect latest CIB Report and shall ensure that concerned client is not defaulter before submission of refinance application to Bangladesh Bank.

d) Credit Purchase/ Loan Taken Over on reasonable ground by the PFI will be considered for refinance facility. Before submission of application for refinance facility against such financing, the PFI has to ensure that the loan is not adversely classified/ rescheduled due to adverse classification/ interest waived. The client having history of loan written-off will be disqualified for refinance facility.

e) The PFI shall submit refinance application against its finance for running machineries/projects or within the six months after the machineries/projects being in operation with reasonable ground.

f) No refinance facilities under this fund will be considered if refinance facilities availed from Bangladesh Bank, development partner or any other sources against concerned loan/investment.

g) No refinance facilities under this fund will be considered having overdue export bill as per Guidelines for Foreign Exchange Transactions (GFET).

h) PFI shall ensure the equity contribution of the borrower during the submission of application for refinancing facilities under this fund. PFI shall determine the debt-equity ratio on the basis of PFI-client relationship in light with their credit norms. But minimum debt-equity ratio shall be 70:30.

Article-III

Section-1: Rate of Interest/Profit

Section-1.1: Rate of Interest/Profit at the PFI End

Bangladesh Bank will charge/realize interest/profit @1% lower than Bank Rate (time to time changeable) on refinance to PFI.

Section-1.2: Rate of Interest/Profit at the Borrower/Client End

a) Rate of Interest/profit at the Borrower/Client End will be base rate plus PFI's margin (2%-3%).
b) Rate of interest/profit at the Borrower/Client End will be determined based on the tenure of loan/investment as follows:

Tenure of loan/investment	Base rate	PFI's margin	Rate of Interest/Profit at the Borrower/Client End
Less than 5 years	1% lower than Bank Rate (time to time changeable)	Not more than 2%	Base rate plus PFI's margin
5 years or above but less than 8 years	-Do-	Not more than 2.5%	-Do-
8 years or above but maximum 10 years	-Do-	Not more than 3%	-Do-

Section-1.3: Schedule of Charges

Schedule of Charges on loan/investment (other than interest) will be determined as per the circulars/circular letters/instructions to be issued time to time by Banking Regulations and Policy Department (for banks) and Department of Financial Institutions and Market (for FIs) of Bangladesh Bank. No hidden expenses or any other charges/fees/interests shall be charged. But Govt. Tax/Duty will be charged/ascertained where applicable.

Article-IV

Section-1: Application Procedure

a) PFI shall submit application for refinance facility addressing the General Manager, Sustainable Finance Department, Bangladesh Bank, Head Office, Dhaka, duly signed by the MD/CEO of the PFI. PFI shall ensure that necessary statement/information/documents as per mentioned the circular are enclosed with application.

b) PFI will submit refinance application to the Bangladesh Bank within 90 (ninety) days after the disbursement of the loan/investment.

c) Refinance facility will be considered as equivalent to the amount financed by the PFI or estimated value/project cost ascertained by the experts/expert institutions. In this regard, upon the review of the submitted applications and related documents, onsite inspection report, Bangladesh Bank's decision on determining the refinancing limit will be treated as final.

Article-V

Section-1: Recovery of Refinance facility.

a) Refinanced loan/investment amount with interest/profit will be repayable by the PFI in quarterly installments as per specific repayment schedule.
b) The repayment schedule against the extended refinance facilities favoring PFIs will be determined by the Bangladesh Bank. The repayment schedule against the disbursed loan/investment favoring the borrowers shall be determined by PFIs and shall have to be submitted to Bangladesh Bank.

c) The repayable installments along with interests/profit will be deducted on a due date from the current account of concerned PFI maintained with Bangladesh Bank as per the repayment schedule.
d) If any borrower adjusts/settles the loan/investment before maturity of loan/investment, the refinance facility for the PFI will be up-to that tenure being for which the ultimate borrower enjoyed the loan/ investment. But the PFIs may adjust the refinance facility before the maturity. In such case, PFI shall instantly inform Bangladesh Bank regarding the adjustment along-with loan/investment account statement. No charge/fee will be realized at the borrower's end for early settlement.
e) In case of Syndicated Financing, only Lead PFI shall submit the application for refinance facility, approved refinance facility will be disbursed in favor of the Lead PFI and quarterly installments of repayment will be realized from its current account maintained with Bangladesh Bank. Lead PFI shall be responsible for distributing refinance facility in pro-rata basis among other member PFIs under syndication and shall also collect installments from the member PFIs. Lead PFI shall also perform all other responsibilities related with syndicated financing. All members of the syndication including the lead PFI shall execute Participation Agreement (PA) separately.
f) In case of non-recovery of due/installment from the current account of any PFI maintained with Bangladesh Bank due to insufficiency of fund/balance, the recoverable amount will be deducted at the interest/profit rate specified/realized during refinance plus additional 5% interest/profit for overdue period whenever fund/balance is available in PFI's said current account.

Article-VI

Section-1: Eligible Activities/Initiatives under the Refinance Fund.

Refinancing under this fund will be applicable to activities/initiatives for the modernisation and technological development/up-gradation of export oriented industries mentioned in SFD Circular No.: --, dated -- --, 2021 and also as per the circulars/circular letters to be issued time to time by the Bangladesh Bank. PFI shall have to comply with circulars/circular letters further issued by Bangladesh Bank in this regard.

Article-VII

Section-1: Reporting and Monitoring.

a) PFI shall submit updated statement of extended refinance facility (on quarterly basis through forwarding letter duly signed by MD/CEO or appropriate official nominated by MD/CEO) to the Bangladesh Bank in the prescribed forms within 15 (fifteen) days of the month next to the relevant quarter end. PFIs not availing the refinance facility shall submit nil statement.
b) PFIs shall have to submit information/statement in due time desired by Bangladesh Bank. Otherwise actions will be taken as per existing laws and rules/regulations. Moreover, PFI shall ensure the preservation of information regarding refinance facilities at head office and branch level properly.
c) Bangladesh Bank will conduct onsite inspection on related projects and its documents before the approval of the refinance facility. Bangladesh Bank will conduct onsite inspection on related project implementation and its progress within three months of the refinance facilities availed. The said inspection will be conducted on half-yearly basis from the date of first inspection up to the tenure of the refinance facility and the implementation and progress of the project will be evaluated by Bangladesh Bank. In case of any deviations in the implementation of the project, Bangladesh Bank will preserve the right to cancel the refinance facility.

d) In case of availing refinance facility with providing any misinformation or detection of any deviation during inspection regarding project implementation or non-reporting of defaulted client, the PFI is bound to return the refinanced amount to the Bangladesh Bank at a time with 5% penal interest/charges in addition to existing rate of interest/profit of refinance.

Section-2: Other specified conditions.

PFI shall provide financing facility to the borrower complying with its own risk management policy and existing rules/regulations as well as ensuring proper borrower selection, approval and disbursement of loan/investment, documentation and charge creation, debt-equity ratio, utilization of fund and last but not the least adequate monitoring after disbursement. PFI shall be fully responsible for the disbursement and the recovery of this finance. Repayment of refinanced loan to the Bangladesh Bank will not be correlated with the recovery of loan from the beneficiaries/ultimate borrowers.

IN WITNESS WHEREOF, the [***Name of the PFI***] has caused this agreement to be executed in its name and its corporate seal to be hereunto affixed and attested by its duly authorized officers, and the Bangladesh Bank as the administrator of the fund, has caused this agreement to be executed, all as of the date first above written.

Annexure-1

[Name of the PFI]

[PFI SEAL] [Signature]

[Name of the authorized PFI representative]

[SEAL]

BANGLADESH BANK

[BB SEAL] [Signature]

General Manager
Sustainable Finance Department

[SEAL]

WITNESS:

1. [Signature]

[Name and designation of witness from BB]

[SEAL]

2. [Signature]

[Name and designation of witness from PFI]

[SEAL]

PROMISSORY NOTE

Tk. ……………………………. Date ……………………

We jointly and severally promise to pay on demand to or order, the sum of Tk. .... (Taka ....……………………

…………………………………………………………......................)

Only for value received with interest/profit thereon from this date, at the rate of ………………………… percent per annum or as fixed by the Bangladesh Bank from time to time.

Dated: …………………..

Yours faithfully,

Managing Director/ Chief Executive Officer

Witness:

Letter of Continuity

General Manager
Sustainable Finance Department
Bangladesh Bank, Head Office
Dhaka

Dear Sir,

I/We enclose herewith a Demand Promissory Note for …………………………….. ………………………………………………………… Signed by me/us on behalf of the …...(name of PFI) which is given to you as security for the repayment of any Loan/Investment (refinance against financing for Technology Development/Up-gradation of export oriented industries) presently outstanding to my/our name or in the name of either of us/(name of PFI) or in the of the borrower's institution and also for the repayment of any Loan/Investment (refinance against financing for Technology Development/Up-gradation of export oriented industries) to the extent of ……… ……………………………………………………………………………………………………… ……… which I/We or either of us may avail of hereafter and the said Promissory Note is to be a security to you for the repayment of the ultimate balance amount remaining unpaid on the Loan (refinance against financing for Technology Development/Up-gradation of export oriented industries) account and I/We am/are to remain liable on the said Promissory Note notwithstanding the fact that by payments made into the said Loan/Investment (refinance against financing for Technology Development/Up-gradation of export oriented industries) amount from time to time the said Loan/Investment (refinance against financing for Technology Development/Up-gradation of export oriented industries) account may from time to time be reduced or extinguished.

Although the said Loan/Investment (refinance against financing for Technology Development/Up-gradation of export oriented industries) account is in the name of ………… ………………………………………………………………………………… and will be operated upon only by the said ……………………………………………..………… all of us shall be liable jointly and severally as aforesaid.

Dated: ………………………..

Yours faithfully,

Managing Director & Chief Executive Officer

Ref:

Date: , 2021

General Manager
Sustainable Finance Department
Bangladesh Bank
Head Office
Motijheel
Dhaka

Letter of Debit Authority

Dear Sir,

In reference to our letter, Ref no.: .... ; dated: , 2021, we hereby unconditionally and irrevocably authorize Bangladesh Bank, to Debit our account with Bangladesh Bank, for realization of applicable interest/profit, principal and Charges/Fees to be incurred by Bangladesh Bank for the sanctioned **BDT ..../- (BDT.....only)** credit facility under "Refinance Fund for Technology Development /Up-gradation of Export Oriented Industries" of Bangladesh Bank.

This Letter of Authority shall remain valid and in full effect until full and final settlement of the refinance facility under "Refinance Fund for Technology Development /Up-gradation of Export Oriented Industries" sanctioned to **.... (name of PFI).** This Letter of Authority cannot be cancelled, revoked, relieved, discharged, amended or in any way be prejudiced without prior written consent of Bangladesh Bank and/or by any other mandate or authority issued or given by us in relation to our account, until and unless the refinance Facility is fully adjusted and repaid.

FOR AND ON BEHALF OF .... (name of PFI)

____
Name:
Managing Director & CEO

Annexure-5

Quarterly Report on Loan/Investment Disbursed under Refinance Fund for Technology Development /Up-gradation of Export Oriented Industries

SL	Type of Business/ Sector	Number of Borrower	Amount Claimed for Refinance	Approved Refinance		Outstanding Amount as on…(Date)	Overdue Installment		Recovery During the Quarter		Cumulative Recovery as on … (Date)	Classification Status	
				Date	Amount		Number	Amount	Recoverable Amount	Recovered Amount		UC	Classified
1													

Signature with Seal
Credit Head/ID Head
(Name & Designation with email address and Phone Number)

N.B. This quarterly report must be forwarded to GM, SFD, BB, HO (duly signed by MD/CEO/In-charge of MD/CEO on **Letter of Head Pad** of the PFI)